অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/2/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল অতিরিক্ত উদ্ভাবনী, কার্যকর সম্প্রদায়-ভিত্তিক চিকিৎসা দলের জন্য তহবিলের ঘোষণা দিলেন

গতানুগতিক সেবায় ভালো ফল পায় না এমন মানুষকে সেবাদানকারী মানসিক অসুস্থতার সহায়ক কমিউনিটি চিকিৎসা দলসমূহের জন্য 14 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য থাকবে

গভর্নর ক্যাথি হোকল স্টেটব্যাপী 14টি নতুন মানসিক অসুস্থতার সহায়ক কমিউনিটি চিকিৎসা (Assertive Community Treatment, ACT) দলসমূহের জন্য 14 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বার্ষিক তহবিল উপলভ্য থাকার ঘোষণা দিলেন। ACT হলো একটি উদ্ভাবনী এবং অত্যন্ত কার্যকর সম্প্রদায়-ভিত্তিক মানসিক স্বাস্থ্য কর্মসূচি যা মারাত্মক মানসিক রোগে আক্রান্ত কিন্তু গতানুগতিক মানসিক স্বাস্থ্য চিকিৎসা ও পুনর্বাসন ব্যবস্থায় সফলভাবে জড়িত হতে পারে না এমন ব্যক্তিদের সেবাদান করে।

"আমার প্রশাসনের একটি শীর্ষ অগ্রাধিকার হলো স্টেটের স্বাস্থ্যসেবা ব্যবস্থা উন্নত করা এবং নিশ্চিত করা যে প্রত্যেক নিউ ইয়র্কবাসী যাতে নিজের প্রয়োজনীয় সেবা পাওয়ার সুযোগ পায়," **গভর্নর হোকল বলেন।** "আমরা যেই ACT দলগুলির অর্থায়ন করছি সেগুলি এমন অসহায় মানুষকে সাহায্য করবে যাদের পর্যন্ত পৌঁছাতে ও জড়িত করতে এবং যথাযথ যত্ন ও সেবাদান করতে অনেকসময়ই সমস্যা হয়। আমি প্রত্যেক নিউ ইয়র্কবাসীকে তাদের প্রাপ্য সেবা পেতে সাহায্য করতে, এবং একই সাথে মানুষকে রাস্তা থেকে সরিয়ে আরো নিরাপদ, স্বাস্থ্যকর পরিস্থিতিতে নিয়ে যাওয়ার জন্য নিবেদিত।"

মেন্টাল হেলথ অফিসের (Office of Mental Health, OMH) কমিশনার ডাঃ অ্যান সালিভান বলেন, "নতুন ACT দলগুলির তিনটি নিউ ইয়র্ক স্টেটের এমন কাউন্টিতে সেবাদান করবে যেখানে পূর্বে এই পর্যায়ের সেবার ব্যবস্থা ছিলো না, যা আমাদের জন্য একটি দারুণ উন্নয়ন। ACT কর্মসূচিটি হলো মারাত্মক মানসিক রোগ নিয়ে বেঁচে থাকা ব্যক্তিদের চাহিদা যখন আমাদের গতানুগতিক ব্যবস্থা পূরণ করতে পারে না তখন তাদের সেবাদানের জন্য আমাদের ব্যবস্থার সবথেকে কার্যকর কর্মসূচিগুলির একটি। এটি এমন একটি বিকল্প ব্যবস্থা দান করে যা ব্যক্তিদের তাদের সেরে উঠার লক্ষ্যে পৌঁছাতে সাহায্য করার ক্ষেত্রে সাফল্য দেখাতে পেরেছে।"

OMH দলগুলি গঠনের জন্য একটি প্রস্তাবনার অনুরোধ জারি করেছে এবং তা OMH-র ওয়েবসাইটে পাওয়া যাবে।

এছাড়াও, স্টার্টআপ তহবিল হিসেবে 6.3 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হচ্ছে ফেডারেল সম্প্রদায়ের মানসিক স্বাস্থ্য সেবা ব্লক অনুদানের (Federal Community Mental Health Services Block Grant) (দ্য আমেরিকান রেসকিউ প্ল্যান অ্যাক্ট (The American Rescue Plan Act) (P.L. 117-2) বা করোনাভাইরাস রেসপন্স অ্যান্ড রিলিফ সাপ্লিমেন্ট অ্যাপ্রোপ্রিয়েশন অ্যাক্ট (Coronavirus Response and Relief Supplemental Appropriations Act) (P.L.1160-260) এর মাধ্যমে।প্রদানকারীদের একটি ফেডারেল সনদে স্বাক্ষর করতে হবে যা এই তহবিল ব্যবহারের ক্ষেত্রে ফেডারেল নিয়ম ও প্রবিধান সম্পর্কে সজ্ঞান থাকার ইঙ্গিত প্রদান করে।

নিম্নের অঞ্চলগুলিতে সেবাপ্রদান করা হবে, যার সীমানা প্রয়োজনমত নির্ধারিত হবে:

- নর্থ কান্ট্রি: জেফারসন ও লুইস কাউন্টিতে সেবা দিতে একটি 48 স্লটের দল;
- ক্যাপিটাল রিজিওন: রেনসেলার ও লোয়ার সারাটোগা কাউন্টিতে সেবা দিতে একটি 48 স্লটের দল;
- লং আইল্যান্ড: সাফোক কাউন্টিতে একটি 68 স্লটের দল;
- নিউ ইয়র্ক সিটি: ব্রুকলিনে দুইটি 68 স্লটের দল; ম্যানহাটনে তিনটি 68 স্লটের দল; দ্য ব্রঙ্কসে তিনটি 68 স্লটের দল; এবং কুইন্সে দুইটি 68 স্লটের দল;
- ফিঙ্গার লেকস এবং সাউদার্ন টিয়ার: লিভিংস্টোন, জেনেসি, এবং নর্দার্ন স্টুবেন কাউন্টিতে সেবা দিতে একটি 48 স্লটের দল

14টি নতুন ACT দল আনুমানিক 892 জন নতুন গ্রাহককে বিভিন্ন উপায়ে সাহায্য করবে বলে প্রত্যাশা করা যাচ্ছে, যার মধ্যে রয়েছে তাদের লক্ষণ ব্যবস্থাপনা করা, চাকরি পাওয়া, আবাসন নিশ্চিত করা ও ধরে রাখা, তাদের মাদক ব্যবহার হ্রাস করা, এবং পরিবার ও বন্ধুদের সাথে তাদের সম্পর্ক বজায় রাখা। ACT দলগুলি ব্যাপক ব্যাপ্তির দক্ষতা বিকাশে সহায়তা করতে পারে, যার মধ্যে রয়েছে মুদি কেনাকাটা, রান্না, পরিচ্ছনতা, বাজেট করা, ব্যাংকের কাজ এবং অন্যান্য দৈনন্দিন জীবনযাপনের দক্ষতা। ACT কর্মসূচি তাদের গ্রাহকদের 24/7 চিকিৎসা ও সমর্থন প্রদান করে। সেবা সাধারণত সম্প্রদায়ে প্রদান করা হয়, যাতে গ্রাহকদের নতুনভাবে অর্জিত দক্ষতা দিয়ে বাস্তব জীবনের মোকাবেলা করতে সাহায্য করা যায়।

ACT হলো একটি প্রমাণ-ভিত্তিক কর্মসূচি যা মারাত্মক মানসিক রোগ নির্ণীত হয়েছে এমন ব্যক্তিদের চিকিৎসা, পুনর্বাসন এবং সমর্থন সেবা প্রদান করে, যাদের চাহিদা গতানুগতিক মানসিক স্বাস্থ্য সেবা দ্বারা পূরণ করা যায় না। বর্তমানে নিউ ইয়র্ক স্টেটে মনোরোগবিদ্যা, নার্সিং, মনস্তত্ত্ব, সামাজিক কাজ, মাদক ব্যবহার এবং বৃত্তিমূলক পুনর্বাসনের পেশাদার দ্বারা গঠিত 108টি ACT দল রয়েছে।

ACT গ্রাহকরা জরুরি এবং/অথবা সঙ্কট সেবা বারবার ব্যবহারকারী হতে পারে, সাথে মাদক ব্যবহার রোগ থাকতে পারে এবং পরিবারসহ সম্প্রদায়ের সমর্থন থেকে নিঃসঙ্গ হয়ে যেতে পারে। এছাড়াও গ্রাহকরা নিজেদের আবাসন হারানোর ঝুঁকিতে থাকতে পারে, ইতিমধ্যে গৃহহীন হতে পারে, এবং তাদের অপরাধ বিচার ব্যবস্থার সাথে জড়িত থাকার ইতিহাস থাকতে পারে।

গবেষণা থেকে দেখা যায় যে ACT প্রাপকদের মধ্যে মনোরোগ সংক্রান্ত হাসপাতালে ভর্তি হওয়া এবং ইমার্জেন্সি রুমে যাওয়ার হার বেশি হ্রাস পায়, পাশাপাশি ACT সেবা পাওয়ার পর আবাসন স্থিতিশীলতার মাত্রা বৃদ্ধি পায়। গবেষণায় এটিও দেখা যায় যে ACT প্রাপকদের ও তাদের পরিবারের জন্য বেশি সন্তোষজনক এবং ভর্তি হয়ে চিকিৎসা করানোর থেকে কম ব্যয়বহুল। মানসিক স্বাস্থ্য নিয়ে কাজ করা গোষ্ঠীসমূহ, যাদের মধ্যে ন্যাশনাল অ্যালায়েন্স অন মেন্টাল ইলনেস রয়েছে, ACT-কে প্রমাণিত ইতিবাচক ফলাফলসহ মুখ্য সেবা হিসেবে অনুমোদন দিয়েছে।

ACT দল এবং গ্রাহক একত্রে ব্যক্তির শক্তি, চাহিদা, ইচ্ছা, লক্ষ্য ও সংস্কৃতির উপর ভিত্তি করে চিকিৎসা পরিকল্পনা তৈরি করে। চলমান যাচাই ও লক্ষ্য নির্ধারণের মাধ্যমে প্রয়োজনমত চিকিৎসা পরিকল্পনা পরিবর্তন করা হয়। ACT দলগুলি প্রত্যেক মক্কেলের অগ্রগতি আলোচনা করার জন্য প্রতিদিন দেখা করবে, যার ফলে দলগুলি মক্কেলের চাহিদা পূরণ করার জন্য পরিকল্পনা করতে পারবে বা দ্রুত সমন্বয় করতে পারবে।

ACT দলগুলি গভর্নর হোকলের স্বাস্থ্যসেবা ব্যবস্থা উন্নয়নের সার্বিক পরিকল্পনাকে সমর্থন করে এবং মানসিক রোগ নিয়ে বেঁচে থাকা দুঃস্থ নিউ ইয়র্কবাসীকে সেবাদান করবে। গভর্নরের প্রস্তাবিত বাজেটে রয়েছে জরুরি ভিত্তিতে গুরুত্বপূর্ণ সম্প্রদায়ের মানসিক স্বাস্থ্য কর্মসূচি ও সেবার জন্য ঐতিহাসিক 577 মিলিয়ন মার্কিন ডলার (17.2 শতাংশ) বৃদ্ধি, এবং একই সাথে গৃহহীনতা দূর করার জন্য আগামী পাঁচ বছরে 10,000 ইউনিট সহায়ক আবাসন তৈরি বা সংরক্ষণের প্রতিশ্রুতিসহ 25 বিলিয়ন মার্কিন ডলারের আবাসন পরিকল্পনা।গভর্নরের বাজেটের উদ্যোগগুলির মধ্যে রয়েছে:

- 2023 অর্থবছরের জন্য 11.3 মিলিয়ন মার্কিন ডলার (সম্পূর্ণ কার্যকর হলে 21মিলিয়ন মার্কিন ডলার), 20টি নতুন নিরাপদ বিকল্প সমর্থন দল তৈরির জন্য যেখানে থাকবে গৃহহীনতায় ভুগতে থাকা নিউ ইয়র্কবাসীর জন্য সরাসরি এক-এক আউটরিচ পরিচালনা করতে মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞ।
- সম্প্রদায়ের মানসিক স্বাস্থ্য সেবাদানকারীদের জন্য একটি ঐতিহাসিক 5.4% কস্ট অফ লিভিং অ্যাডজাস্টমেন্টের (Cost of Living Adjustment, COLA) মাধ্যমে কর্মক্ষেত্রের বিনিয়োগ এবং 3,000 মার্কিন ডলার পর্যন্ত রিটেনশন বোনাস, এবং;
- 2023 অর্থবছরের জন্য 35 মিলিয়ন মার্কিন ডলার যা 2024 অর্থবছরের বৃদ্ধি পেয়ে 60 মিলিয়ন মার্কিন ডলার হবে, কল সেন্টার ধারণক্ষমতা সম্প্রসারণের জন্য প্রদান করে নিউ ইয়র্ককে দেশব্যাপী 9-8-8 আত্মহত্যা প্রতিরোধ ও আচরণগত স্বাস্থ্য সঙ্কট হটলাইন সিস্টেমের জন্য প্রস্তুত করার জন্য।

13 এপ্রিল, 2022 তারিখ দুপুর 3:30 এর মধ্যে প্রস্তাবনা জমা দিতে হবে এবং OMH 18 মে তারিখের মধ্যে অর্থপ্রদানের ঘোষণা করবে বলে আশা করা যাচ্ছে।

স্টেট সিনেটর সামরা ব্রোক বলেন, "মহামারী মানসিক স্বাস্থ্য সেবা ব্যবস্থাকে চাপ প্রদান করেছে যা কিনা এর আগেই ধারণক্ষমতার বাইরে গিয়ে কাজ করছিলো, এবং মানসিক অসুস্থতার

সহায়ক কমিউনিটি চিকিৎসা দলগুলিতে এই বিনিয়োগ গতানুগতিক ব্যবস্থা দ্বারা সুবিধাবঞ্চিত মানুষের কাছে পৌঁছাতে অনেক সাহায্য করবে। আমি আমাদের স্টেটের বাজেটে সম্প্রদায়ের মানসিক স্বাস্থ্য সেবায় আরো বিনিয়োগ করার জন্য উন্মুখ আছি যাতে করে আমরা অনেক নিয়ে ইয়র্ক পরিবারের পূরণ হয়নি এমন চাহিদা মেটাতে পারি।"

অ্যাসেম্বলি সদস্য আইলিন গান্থার বলেন, "অ্যাসেম্বলির মানসিক স্বাস্থ্য কমিটির (Assembly Mental Health Committee) প্রধান হিসেবে, আমি আমাদের সম্প্রদায়গুলিতে মানসিক স্বাস্থ্যসেবার সুযোগ বৃদ্ধি করতে নিরলসভাবে কাজ করেছি। যাদের সর্বাধিক প্রয়োজন তাদের সেবাদানে ACT দলগুলির প্রমাণিত কাজের রেকর্ড রয়েছে। আমি এই সম্প্রদায়ের অতি প্রয়োজনীয় চাহিদা চিনতে পাড়ার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই, এবং এই সম্প্রসারণ সমর্থন করতে পেরে আমি গর্বিত।"

নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন, "নিউ ইয়র্কবাসীর মানসিক স্বাস্থ্য চাহিদাকে সম্পূর্ণ পূরণ করার জন্য আমাদেরকে অবশ্যই আমাদের মানসিক স্বাস্থ্য ব্যবস্থাকে এমনভাবে রূপান্তরিত করতে হবে যাতে যে যেখানে আছে সেখানেই সেবা গ্রহণ করতে পারে। মানসিক স্বাস্থ্যের ক্ষেত্রে কখনোই সকলের জন্য এক ব্যবস্থা কাজ করে না এবং মানসিক অসুস্থতার সহায়ক কমিউনিটি চিকিৎসা দলগুলির জন্য গভর্নর হোকলের বিনিয়োগ সঠিক মানসিক স্বাস্থ্যসেবা প্রদান ও সকল নিউ ইয়র্কবাসীকে সমর্থন প্রদানের জরুরি কাজ অব্যাহত রাখবে।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের (New York City Council) স্পিকার এড্রিয়ান অ্যাডামস বলেন, "নিউ ইয়র্ক সিটিতে মানসিক স্বাস্থ্য সেবার জন্য অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগ প্রয়োজন, বিশেষ করে পূর্বে সুবিধাবঞ্চিত হওয়া সম্প্রদায়গুলিতে। মানসিক অসুস্থতার সহায়ক কমিউনিটি চিকিৎসা দলগুলি মারাত্মক মানসিক স্বাস্থ্য সমস্যাসহ মানুষের চিকিৎসায় কার্যকর প্রমাণিত হয়েছে, তাদের স্থিতিশীলতা ও সফলতা অর্জনের সুযোগ দিয়ে সাহায্য করেছে। আমি নিউ ইয়র্ক সিটিতে মানসিক স্বাস্থ্য বিনিয়োগে তার মনোযোগের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই, এবং আমি সকল নিউ ইয়র্কবাসীর জনস্বাস্থ্য ও নিরাপত্তা উন্নত করতে স্টেটের সাথে অংশীদারিত্ব অব্যাহত রাখতে উন্মুখ।"

নিউ ইয়র্ক সিটির কাউন্সিল সদস্য লিন্ডা লি বলেন, "আমাদের মানসিক সেবা সঙ্কট অনেক ক্ষেত্রেই বর্ধিত হয় কারণ মারাত্মক মানসিক রোগে ভুগতে থাকা আমাদের অনেক প্রতিবেশীই সেবার সম্পূর্ণ স্পেকট্রাম পাচ্ছে না যা তাদের নিজের পায়ে দাঁড়াতে এবং নিজের জীবনে ফেরত যেতে সাহায্য করতে পারে। 14টি নতুন মানসিক অসুস্থতার সহায়ক কমিউনিটি চিকিৎসা দলের জন্য গভর্নর হোকলের বর্ধিত তহবিল মানুষদের এমন উপায়ে সাহায্য করবে যা গতানুগতিক মানসিক স্বাস্থ্যসেবা পারে না।ACT হলো অনেক নিউ ইয়র্কবাসী যেই সমস্যার সম্মুখীন তার একটি উদ্ভাবনী, প্রমাণ-চালিত, সার্বিক সমাধান এবং আমি এই ব্যাপারে তার নেতৃত্বের জন্য গভর্নর হোকলের প্রশংসা করছি।"

মোরো টাউনের সুপারভাইজার এবং সারাটোগা কাউন্টির সুপারভাইজার বোর্ডের চেয়ারম্যান থিওডোর টি. কুসনিয়েৰ্জ বলেন, "যাদের গুরুতর প্রয়োজন আছে তাদেরকে

জন্য সমর্থক মানসিক স্বাস্থ্য কর্মসূচি তাদের সার্বিক সুস্থতার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। সারাটোগা কাউন্টিতে, আমরা মানসম্পন্ন মানসিক স্বাস্থ্য সেবা প্রদানকে শুধু মহামারী চলাকালীন নয়, বরং এর পরেও একটি অগ্রাধিকার বানিয়েছি। আমরা নিউ ইয়র্ক স্টেটে স্বাস্থ্যসেবা ব্যবস্থা উন্নত করতে গভর্নর হোকলের প্রতিশ্রুতিকে সমর্থন করি এবং আমরা দক্ষিণ সারাটোগা কাউন্টিতে একটি ACT দল গঠন করাকে স্বাগত জানাই যাতে আমাদের সম্প্রদায়ের সবথেকে দুঃস্থ মানুষেরা তাদের চাহিদামত অনন্য সেবা লাভের সুযোগ পায়।"

স্টুবেন কাউন্টির ব্যবস্থাপক জ্যাক হুইলার বলেন, "আমরা আমাদের সম্প্রদায়সমূহে মানসিক স্বাস্থ্য সেবার শূন্যস্থান পূরণের জন্য সৃজনশীল পদ্ধতিতে স্টেটের বিনিয়োগের প্রশংসা করছি।অনেক ব্যক্তিই যথাযথ মাত্রার সেবালাভের ক্ষেত্রে প্রতিবন্ধকতার সম্মুখীন হয়, বিশেষ করে মানসিক স্বাস্থ্য সংক্রান্ত ব্যাপারে, এবং স্টুবেন কাউন্টি নাগরিকদের প্রয়োজনীয় সেবাদান করতে আমাদের সামগ্রিক প্রচেষ্টা জোরদার করার এই অতিরিক্ত তহবিল পেয়ে কৃতজ্ঞ।"

সাফোক কাউন্টির নির্বাহী স্টিভ বেলোন বলেন, "মানসিক স্বাস্থ্য এখনো শারীরিক স্বাস্থ্যের মতোই গুরুত্বপূর্ণ, বিশেষ করে যখন আমরা কোভিড-19 মহামারীর মনস্তাত্ত্বিক চাপের সম্মুখীন হয়ে যাচ্ছি। তহবিলটি তাদের সাহায্য করবে যারা মানসিক রোগে ভুগছে এবং যারা গতানুগতিক মানসিক স্বাস্থ্য ও পুনর্বাসন ব্যবস্থা ব্যবহার করে সফল হতে পারেনি।"

লিভিংস্টোন কাউন্টির চেয়ারম্যান ডেভিড এল. লেফেবার বলেন, "এধরনের তহবিল আমাদের এলাকার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। পরিবহনের উপলভ্যতা অনেকের জন্যই উদ্বেগের কারণ।পাশাপাশি, এই মডেলটির উদ্দেশ্য হলো এমন মক্কেলের কাছে সাড়াদান করা যারা একটি প্রচলিত স্বাস্থ্যসেবার নির্দিষ্ট ব্যবস্থায় গতানুগতিকভাবে জড়িত হবে না, এবং যাদের বাকি সকলের মতোই সেবার প্রয়োজন রয়েছে। তহবিলটি মানসিক স্বাস্থ্য কর্মসূচির সম্পূর্ণ স্পেকট্রামে সেবার সমতার সুযোগ প্রদান করবে।"

জেনেসি কাউন্টি আইনসভার (Genesee County Legislature) প্রধান রোশেল এম স্টেইন বলেন, "জেনেসি কাউন্টি আইনসভা এবং স্থানীয় শাসক ইউনিট (Local Governing Unit) ACT সেবা বিকাশের জন্য আমাদের প্রতিবেশী কাউন্টিগুলির সাথে অংশীদারিত্ব করতে উন্মুখ। এটি আমাদের বাসিন্দারা যারা মানসিক স্বাস্থ্য উদ্বেগে ভুগছে তাদের জন্য একটি দারুণ সুযোগ যাতে করে তারা আমাদের সম্প্রদায়ে উন্নতি করতে পারে। ACT দলের সেবাদানকারীদের আরেকটি উল্লেখযোগ্য সুবিধা হলো মানসিক স্বাস্থ্য বিভাগের এবং কমিউনিটি সার্ভিসেস পরিচালকের (Director of Community Services) সাথে স্থানীয় পর্যায়ে সহযোগিতামূলক কাজ করে সম্প্রদায়ের সবথেকে দুর্বল এবং খুঁজে পাওয়া কষ্ট এমন সদস্যদের যাতে জড়িত হতে সাহায্য করা।"

লুইস কাউন্টি আইনসভার (Lewis County Legislature) চেয়ারম্যান ল্যারি ডলহফ বলেন, "এটি হলো গভর্নর হোকলের কাছ থেকে পাওয়া আরেকটি ভালো সংবাদ এবং আমাদের আচরণগত স্বাস্থ্যসেবা ব্যবস্থা জোরদার করার আরেকটি উদ্যোগ। ACT দলগুলি মানুষকে নিজেদের সম্প্রদায়ে প্রয়োজনীয় চিকিৎসা পেত, এবং ব্যয়বহুল ইমার্জেন্সি রুমে যাওয়া এবং

সঙ্কট সেবা এড়াতে সাহায্য করবে। আমরা লুইস কাউন্টির স্বাস্থ্যসেবায় এই বিনিয়োগ স্বাগত জানাই এবং এর জন্য অনেক কৃতজ্ঞ।"

জেফারসন কাউন্টির চেয়ারম্যান উইলিয়াম জনসন বলেন, "ACT দলগুলি মানসিক রোগসহ মানুষের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করবে এবং তাদের নিজেদের সম্প্রদায়ে নিরাপদে ও সুরক্ষিতভাবে স্বাধীনভাবে বেঁচে থাকতে প্রয়োজনীয় সেবা পেতে সাহায্য করবে। এটি একটি প্রমাণিত কার্যকর কর্মসূচি যা জেফারসন কাউন্টির সবথেকে দুঃস্থ মানুষকে সাহায্য করবে। আমি গভর্নর হোকলকে এই তহবিল উপলভ্য করার জন্য ধন্যবাদ জানাতে চাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন